দৈনিক সংবাদ

তারিখ 04 DEC 1987
পৃষ্ঠা 4 কলাম 6

233

## চিঠিপত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

### শিক্ষা ও চাকরির ক্ষেত্রে 'রাখাইং' সম্প্রদায়ের জন্যে আসন-সংরক্ষণের আবেদন

বাংলাদেশ বৌদ্ধ ধর্মাবলম্বীদের মধ্যে 'রাখাইং'রা শিক্ষার দিক দিয়ে একদম অনগ্রসর। শিক্ষার হার খুবই নগণ্য বিধায় 'রাখাইং'রা সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক দিক দিয়ে অনেক পিছিয়ে রয়েছে। ফলে বৃহত্তর জাতীয় উন্নয়ন কর্মকাণ্ডে এদের অংশগ্রহণ খুবই সীমিত এবং বর্তমানে বৃহত্তর বাংগালী সমাজ থেকে এরা প্রায় বিচ্ছিন্ন অবস্থায় অবস্থান করছে। শিক্ষার পশ্চাদপদতার ক্ষেত্রে ভাষাগত সমস্যা একটি অন্যতম সমস্যা। 'বাংলা' 'রাখাইং'দের মাতৃভাষা নয়। ভাষার ক্ষেত্রে মিল না থাকার ফলে 'রাখাইং' ছেলেমেয়েদের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাংলা ভাষায় অধ্যয়ন করতে হচ্ছে। তাই বিশেষ করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আশানুরূপ ফলাফল লাভে বঞ্চিত হতে হয়। ফলে এরা মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য উচ্চশিক্ষা পর্যায়ে প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাচ্ছে না।

রাঙামাটি, বান্দরবন ও খাগড়াছড়ি পার্বত্য জেলার উপজাতীয় (১৩টি গোত্র) ছাত্র-ছাত্রীদের জন্যে মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য উচ্চশিক্ষা পর্যায়ে আসন সংরক্ষিত রয়েছে। যার ফলে তাদেরকে জেনারেল কমপিটিশনে যেতে হয় না। সরকারী চাকরির ক্ষেত্রেও তাদের জন্যে আসন সংরক্ষণসহ বয়সসীমা ৫-১০ বছর শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতাও একধাপ কমানো হয়েছে (যেমন মাষ্টার্স ডিগ্রীর ক্ষেত্রে গ্রেজুয়েশন, ব্যাচেলর ডিগ্রীর ক্ষেত্রে ইন্টারমেডিয়েট ইত্যাদি)। তাছাড়া পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাধ্যমে উপজাতীয় গরীব অথচ মেধাবী ছাত্র-ছাত্রীদের আর্থিক সাহায্য (বৃত্তি) প্রদান করা হয়।

কক্সবাজার, পটুয়াখালী ও বরগুনা জেলায় বসবাসকারী 'রাখাইং'রা উপজাতি নয় বিধায় এ সমস্ত সুযোগ-সুবিধা থেকে এরা বঞ্চিত। এক্ষেত্রে অনুন্নত পশ্চাৎপদ সম্প্রদায় হিসেবে 'রাখাইং'দের জন্যে বিভিন্ন উচ্চ-শিক্ষাপর্যায়ে ও চাকরির ক্ষেত্রে 'আসন সংরক্ষণ' (কোটা সিষ্টেম)-এর ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

পরিশেষে 'রাখাইং' সম্প্রদায়ের একজন ছাত্র হিসেবে বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধতন কর্তৃপক্ষের নিকট আমার আবেদন, মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য উচ্চশিক্ষা পর্যায়ে 'রাখাইং' ছাত্র-ছাত্রীদের জন্যে 'আসন সংরক্ষণ'-এর ব্যবস্থা করা হোক। সরকারী চাকরির ক্ষেত্রেও 'রাখাইং' সম্প্রদায়ের জন্যে আসন সংরক্ষণসহ বয়সসীমা ও শিক্ষাগতযোগ্যতা শিথিল করার জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন রইল।

—মং-হলা-প্রু-রাখাইং (পিন্টু)
২, নিউ ফারুক কলোনী (২য় তলা)